

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রাজশাহী অঞ্চল, রাজশাহী
www.dae.rajshahidiv.gov.bd

স্মারক নং- ১২.১৬.৮১০০.০৩৯.১৯.২২৭.২০১৪. (৬৪০২)

তারিখঃ ০৭/০৩/২০২৬

বিষয়ঃ উপসহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদ থেকে অপেক্ষাকৃত জ্যেষ্ঠতার ভিত্তিতে উপসহকারী উদ্ভিদ সংরক্ষণ কর্মকর্তা পদে পদ সমন্বয় প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, রাজশাহী অঞ্চলের উপসহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদ থেকে অপেক্ষাকৃত জ্যেষ্ঠতার ভিত্তিতে উপসহকারী উদ্ভিদ সংরক্ষণ কর্মকর্তা পদে পদ সমন্বয়ের নিমিত্তে নিম্নে বর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে যোগ্য প্রার্থীদের মূল চাকুরী বহি ও ০৫(পাঁচ) বছরের বার্ষিক গোপনীয় অনুবেদনসহ আবেদনপত্র আহবান করা হলো। আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ১৬/০৩/২০২৩ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

শর্ত সমূহঃ

- ০১। উপসহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদে কমপক্ষে ১৫ বছর চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।
- ০২। অঞ্চলে কর্মরত উপসহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের মধ্যে অপেক্ষাকৃত জ্যেষ্ঠ হতে হবে।
- ০৩। রোগ ও বালাইনাশক সমন্বিত ব্যবস্থাপনার সমন্বিত শস্য ব্যবস্থাপনা সম্পর্কে সম্যক জ্ঞান থাকতে হবে।
- ০৪। শস্যের ক্ষতিকর এবং উপকারী পোকা সম্পর্কে ধারণা এবং পরিচিতি থাকতে হবে ও ক্ষতিকারক পোকা দমন সম্পর্কে জ্ঞান থাকতে হবে।
- ০৫। আইপিএম স্কুল/আইপিএম ক্লাব পরিচালনায় অভিজ্ঞ/আগ্রহী হতে হবে।
- ০৬। স্প্রেয়ার মেশিন পরিচালনা এবং মেরামত সম্পর্কে প্রাথমিক জ্ঞান থাকতে হবে।
- ০৭। সিজন লং আইপিএম/আইসিএম ট্রেনিং থাকতে হবে।
- ০৮। মোটরসাইকেল এর ড্রাইভিং লাইসেন্সসহ মোটরসাইকেল পরিচালনায় দক্ষ হতে হবে।
- ০৯। কম্পিউটার পরিচালনায়, টাইপিং এবং আইসিটিসহ অনলাইন কার্যক্রমে দক্ষ ও অভিজ্ঞ হতে হবে।
- ১০। অফিসিয়াল কাজে দক্ষতা এবং অভিজ্ঞতা থাকতে হবে।

(মোঃ শামছুল ওয়াদুদ)
অতিরিক্ত পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রাজশাহী অঞ্চল, রাজশাহী
ফোন : ০২৫৮৮৮০১৪৪৮

প্রাপক,

উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী/নওগাঁ/নাটোর/চাঁপাইনবাবগঞ্জ।
উপপরিচালক, হার্টিকালচার সেন্টার, নাটোর/কল্যাণপুর, চাঁপাইনবাবগঞ্জ।
উদ্যানতত্ত্ববিদ, হার্টিকালচার সেন্টার, রাজশাহী কোর্ট, রাজশাহী/ভাতুরিয়া, নাটোর।
নার্সারী তত্ত্বাবধায়ক, হার্টিকালচার সেন্টার, কাশিয়াডাঙ্গা, রাজশাহী/রামচন্দ্রপুর, চাঁপাইনবাবগঞ্জ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

- ০১। পরিচালক, প্রশাসন ও অর্থ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২১৫।
- ০২। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২১৫।